

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: সহীহ হাদীসের আলোকে সাওম রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

দিনের বেলায় (নফল) সাওমের নিয়ত করলে

উম্মে দারদা রাদিয়াল্লাহু 'আনহা বলেন, আবু দারদা রাদিয়াল্লাহু 'আনহু বলতেন,

«عِنْدَكُمْ طَعَامٌ؟ فَإِنْ قُلْنَا: لاَ، قَالَ: «فَإِنِّي صَائِمٌ يَوْمِي هَذَا وَفَعَلَهُ أَبُو طَلْحَةَ، وَأَبُو هُرَيْرَةَ، وَابْنُ عَبَّاسٍ، وَحُذَيْفَةُ رَضِيَ اللَّهُ عَنْهُمْ»

"ঘরে কি খাদ্য আছে? যদি আমরা বলতাম না, তবে তিনি বলতেন তাহলে আজকে আমি সাওম পালনকারী। এমনিভাবে আবু তালহা, আবু হুরাইরা, ইবন আব্বাস ও হুযাইফা রাদিয়াল্লাহু 'আনহুম এ কাজ করতেন।"[1] সালামাহ ইবন আকওয়া' রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত.

«أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ رَجُلًا يُنَادِي فِي النَّاسِ يَوْمَ عَاشُورَاءَ إِنَّ مَنْ أَكَلَ فَلْيُتِمَّ أَوْ فَلْيَصَهُ، وَمَنْ لَمْ يَأْكُلْ فَلاَ يَأْكُلْ»

"আশুরার দিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে এ বলে লোকদের মধ্যে ঘোষণা দেওয়ার জন্য পাঠালেন, যে ব্যক্তি খেয়ে ফেলেছে সে যেন পূর্ণ করে নেয় অথবা বলেছেন, সে যেন সাওম আদায় করে নেয় আর যে এখনো খায় নি সে যেন আর না খায়"।[2]

ফুটনোট

- [1] বুখারী, তালিক, ৩/২৯।
- [2] সহীহ বুখারী, হাদীস নং ১৯২৪, সহীহ মুসলিম, হাদীস নং ১১৩৫।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10856

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন